রাজধানীর বিভিন্ন স্থানে ককটেল বিস্ফোরণ, আওয়ামী লীগের মিছিল



ছবি: সংগৃহীত

রাজধানীর বিভিন্ন এলাকায় ককটেল বিস্ফোরণ ও আওয়ামী লীগের মিছিলের ঘটনা ঘটেছে। সোমবার (৯ নভেম্বর) সকাল ৬টা থেকে ৮টার মধ্যে সরকারি দপ্তর, শিক্ষাপ্রতিষ্ঠান ও গুরুত্বপূর্ণ স্থাপনার সামনে এসব ঘটনা ঘটে। স্থানীয় সূত্রের দাবি, এসব ঘটনায় আওয়ামী লীগের নেতাকর্মীরা জড়িত।

স্থানীয় সূত্র জানায়, রামপুরা থানা আওয়ামী লীগের ব্যানারে একটি মিছিল বের করা হয়। এতে নেতৃত্ব দেন থানা আওয়ামী লীগের আহ্বায়ক মোস্তাক আহমেদ। মিছিল চলাকালে ৮ থেকে ১০টি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটে।

রামপুরা থানার ডিউটি অফিসার রিয়াজ জানান, সকালে মিছিল ও ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে। এ ঘটনায় দুটি পৃথক মামলা হয়েছে। পরে ঊর্ধ্বতন কর্মকর্তারা বিস্তারিত জানাবেন।

এদিকে খিলগাঁওয়ের আপন কফি শপের সামনে থেকেও একটি মিছিল বের হয়। সেখানে ককটেল বিস্ফোরণের ভিডিও পাওয়া গেছে। তবে খিলগাঁও থানার ডিউটি অফিসার মাহমুদুল হাসান এ বিষয়ে কোনো তথ্য পাননি বলে জানিয়েছেন।

এ ছাড়া তেজগাঁওয়ে ডিএমপির উপকমিশনারের কার্যালয়, মাটিকাটায় সুন্দরবন কুরিয়ার সার্ভিসের সামনে, ক্যান্টনমেন্ট থানা এলাকা, সাউথইস্ট বিশ্ববিদ্যালয়, ব্র্যাক বিশ্ববিদ্যালয় ও সরকারি তিতুমীর কলেজের সামনে বিস্ফোরণের খবর পাওয়া গেছে। আফতাবনগর ও বাড্ডা পাসপোর্ট অফিসের সামনেও ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটেছে।

এসব ঘটনায় তাৎক্ষণিকভাবে হতাহত বা ক্ষয়ক্ষতির তথ্য পাওয়া যায়নি। পুলিশ ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের আনুষ্ঠানিক বক্তব্যও মেলেনি।